# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/কো:রে:/২৬(পার্ট-৫)/২০০৩/ ৭৫৫০ তারিখ : ৩১/০৫/২০২৩ খ্রি: ।

## আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের কোর্স রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী নিম্নে উল্লেখিত ফি'সমূহ মোবাইল ফোনের মাধ্যমে Nagad/SureCash-এ জমাদানপূর্বক অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

| বিভাগ | বর্ষ ও সেমিস্টার | শিক্ষাবর্ষ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| সিই, ইইই, এমই, সিএসই, টিই, আইপিই, স্থাপত্য, সিএইচই, এফই ও এমএমই বিভাগ | ২/১, ৩/১ ও ৪/১ | ২০২২-২০২৩ |
| স্থাপত্য বিভাগ | ৫/১ | ২০২১-২০২২ |
| | ১/১ | ২০২২-২০২৩ |

(০২) বিভিন্ন খাতের ফি'সমূহের বিবরণ এবং জমাদানের তারিখ :-

| ক্রমিক নং | ফি'সমূহের খাত | ফি'র পরিমাণ | | | ফি' জমাদানের সময়সীমা |
|---|---|---|---|---|---|
| | | বিভিন্ন খাতের ফি' | কোর্স ফি' | প্রজেক্ট/থিসিস ফি' | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | টিউশন ফি' | ১০০.০০ | ৪০.০০ (প্রতি কোর্সের ফি') | ৫০.০০ | ২০/০৬/২০২৩ হইতে ১৫/০৭/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত |
| ২। | পরীক্ষার ফি' | ২৫০.০০ | | | |
| ৩। | খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম ফি' | ২৫০.০০ | | | |
| ৪। | ম্যাগাজিন ফি' | ৩০.০০ | | | |
| ৫। | ছাত্র কল্যাণ ফি' | ২৫০.০০ | | | |
| ৬। | ধর্মীয় ফি' | ৫০.০০ | | | |
| ৭। | মেডিকেল ফি' | ২০০.০০ | | | |
| ৮। | গ্রেডশীট ফি' | ২০০.০০ | | | |
| | সর্বমোট = | ১৩৩০.০০ | | | |

| | | |
|---|---|---|
| বিলম্ব রেজিস্ট্রেশন | ৫০০/-(পাঁচশত) টাকা জরিমানাসহ | ১৬/০৭/২০২৩ হইতে ২২/০৭/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত |

(০৩) **হল-এর ফি' Upload:** আগামী ১৫/০৬/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অনলাইন (UGR) প্লাটফর্মে হল এর নির্ধারিত ফি'সমূহ Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট হল এর প্রভোস্ট মহোদয়কে অনুরোধ করা হইল।

(০৪) **হল-এর ফি' পরিশোধ:** শিক্ষার্থীদেরকে নিয়মমত হল-এর ফি'সমূহ সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কোর্স রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধ করিতে হইবে।

(০৫) **কোর্স অফার:** আগামী ১৫/০৬/২০২৩ খ্রি: তারিখের মধ্যে অনলাইন (UGR) প্লাটফর্মে অফারকৃত কোর্সের তালিকা Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান মহোদয়কে অনুরোধ করা হইল। সেই সঙ্গে অফারকৃত কোর্সের তালিকার হার্ডকপি স্ব-স্ব বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলসহ একাডেমিক শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

(০৬) **অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই যথাযথভাবে অনুসরণ করিতে হইবে:-**

(ক) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি' ও কোর্স রেজিস্ট্রেশন ফি' পরিশোধের বিষয়টি নিশ্চিতপূর্বক স্ব-স্ব বিভাগের স্টুডেন্ট এ্যাডভাইজর অনলাইনের মাধ্যমে কোর্স অনুমোদন প্রদান করিবেন। তবে কোর্স অনুমোদনের পর কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা কোর্স কোড পরিবর্তন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং রেজিস্ট্রার অফিসের মাধ্যমে অনুমোদনক্রমে পরিবর্তন/সংশোধন করা যাইবে;

(খ) সেশনাল কোর্স (Sessional Course) রিভিউ কোর্স হিসেবে গ্রহণ করা যাইবে না, তবে Theory Course হইতে সর্বোচ্চ ০১ (এক) টি কোর্স রিভিউ কোর্স হিসেবে গ্রহণ করা যাইবে; এবং

(গ) বিশ্ববিদ্যালয়ের রুলস এন্ড রেগুলেশন ফর আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম এর 13.1(i) ধারা অনুযায়ী আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যাহারা কোন সেমিস্টারে বিরতি/অনুপস্থিত থাকিবে, তাহাদেরকেও বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি'সমূহ (কোর্স ফি' ব্যতীত) পরিশোধপূর্বক সংশ্লিষ্ট সেমিস্টারে বাধ্যতামূলকভাবে **Non-Credit** রেজিস্ট্রেশন করিতে হইবে (সূত্র : স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/বিজ্ঞপ্তি/১২৯/২০১৪/৭০৬; তারিখ : ২৮/০৩/২০১৯ খ্রি: এবং স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/কো:রে:/২৬/০৩/৮১৫; তারিখ : ১৬/০৩/২০২০ খ্রি:)।

(০৭) সকল শিক্ষার্থীদের কমপক্ষে ৭০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। ক্লাসে কমপক্ষে ৭০% উপস্থিত না থাকিলে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকিবে না (সূত্র: ঢাপ্রপ্রবি/শি:শা:/বিজ্ঞপ্তি/১২৯/২০১৪/৭৬১; তারিখ: ০২/০৪/২০১৯ খ্রি:)।

(০৮) ন্যূনতম যোগ্যতা অর্জনকারী সকল শিক্ষার্থীকে নির্ধারিত তারিখের মধ্যেই কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যাবলী সম্পন্ন করিতে হইবে। অন্যথায় জঙ্গি-নাশকতা প্রতিরোধে শিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী যেই সকল শিক্ষার্থী কোর্স রেজিস্ট্রেশন করিতে ব্যর্থ হইবে, তাহাদের তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হইবে। এই ক্ষেত্রে কোন সমস্যার সৃষ্টি হইলে বিশ্ববিদ্যালয় প্রশাসন দায়ী থাকিবে না।

(০৯) আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের চলতি সেমিস্টারের অনুমোদিত কোর্স রেজিস্ট্রেশন ফরমের কপি অনলাইন রেজিস্ট্রেশন প্লাটফরম (www.ugr.duetbd.org) থেকে সংগ্রহ করিতে হইবে। উক্ত অনুমোদিত রেজিস্ট্রেশন ফরমটি পরীক্ষার সময় প্রবেশ পত্র হিসেবে সঙ্গে রাখিতে হইবে।

(১০) অনলাইন রেজিস্ট্রেশন স্ব-স্ব বিভাগের এ্যাডভাইজর ও বিভাগীয় প্রধান কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রদান এবং বিভাগীয় প্রধানের স্বাক্ষরকৃত কোর্স ভিত্তিক রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তালিকা আগামী ২৭/০৯/২০২৩ খ্রি: তারিখের মধ্যে একাডেমিক শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

31.05.23

(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

E:\Anwar H. Khan\B.Sc Engg. Program\Course Registration\Course Registration-on line doc

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/কো:রে:/২৬(পার্ট-৫)/২০০৩/ ১৫৫০ তারিখ : ৩১/০৫/২০২৩ খ্রি:।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**

(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল- ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক।
৬। চেয়ারম্যান, আইসিটি সেল।
৭। সকল স্টুডেন্ট এ্যাডভাইজর, আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম।
৮। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), কম্পট্রোলার অফিস।
৯। এডিশনাল কম্পট্রোলার (চলতি দায়িত্ব), অডিট সেল।
১০। সকল নোটিশ বোর্ড।
১১। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

৩১/০৫/২০২৩
(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা) এবং
অতিরিক্ত দায়িত্ব, একাডেমিক শাখা।